

জেএসসি-জেডিসি পরীক্ষা সিদ্ধান্ত জানাতে আজ শিক্ষামন্ত্রীর সংবাদ সম্মেলন

নিজস্ব প্রতিবেদক •

প্রস্তুতি নিয়েও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হুট করে এবারের জেএসসি-জেডিসি পরীক্ষার দায়িত্ব ছেড়ে দেওয়ায় নিজেদের অবস্থান জানাতে সংবাদ সম্মেলনে আসছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। আজ রোববার সকাল ১১টায় শিক্ষা মন্ত্রণালয়ের সংবাদ সম্মেলন কক্ষে শিক্ষামন্ত্রী সংবাদ সম্মেলন করবেন বলে গতকাল মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ জনসংযোগ কর্মকর্তা মুহা. সাইফুল্লাহ জানিয়েছেন। তিনি বলেন, জেএসসি-জেডিসি পরীক্ষার সার্বিক বিষয় নিয়ে শিক্ষামন্ত্রী কথা বলবেন। নাম প্রকাশে অনিচ্ছুক শিক্ষা মন্ত্রণালয়ের এক উর্ধ্বতন কর্মকর্তা জানিয়েছেন, জেএসসি পরীক্ষা শুরুর ১০ দিন আগে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উচ্চ সিদ্ধান্তে স্থগিত হয়েছেন শিক্ষামন্ত্রী। নিরুপায় হয়েই এবারের জেএসসি-জেডিসি পরীক্ষার আয়োজন করবে শিক্ষা মন্ত্রণালয় এবং এটাই শেষ। রোববার এ ঘোষণাই দেবেন শিক্ষামন্ত্রী। প্রাথমিক শিক্ষার স্তর অষ্টম শ্রেণি পর্যন্ত উন্নীত না হওয়ার কথা জানিয়ে সব ধরনের প্রস্তুতি নেওয়ার পরও গত বৃহস্পতিবার প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান ফিজার জানান, এবারের জেএসসি-জেডিসি পরীক্ষার দায়িত্ব নেবে না তার মন্ত্রণালয়। মন্ত্রী বলেছিলেন, জেএসসি-জেডিসি পরীক্ষা আয়োজনের দায়িত্ব শিক্ষা মন্ত্রণালয়কেই নিতে হবে।